গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
**www.lawjusticediv.gov.bd**

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.০৭৯.২২.২১

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ / ০৭ এপ্রিল ২০২৫

প্রেরক : মুহাম্মদ ওমর ফারুক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে ১২১-আইন ও বিচার বিভাগের বাজেটে "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ" অংশের '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' খাত হতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র:১। ১০.০৬.০০০০.০০১.৩৫.০১০.২৫.১৭৮৯, তারিখ: ২৩/০৩/২০২৫ খ্রি:, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট।
২। ২৫.৩৬.২৬০০.১৩০.০০.০০০.০০.১৮০০, তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রিঃ, নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ।
৩। ১০.০০.০০০০.১২৬.২০.০৭৯.২২.১১২, তারিখ: ১০/১১/২০২৪ খ্রি:, আইন ও বিচার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা এবং নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা হতে প্রাপ্ত পত্রের পরিপ্রেক্ষিতে এ বিভাগ হতে ইতোপূর্বে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের আধুনিকায়ন ও বৈদ্যুতিক মেরামত সংক্রান্ত কাজের বিপরীতে বরাদ্দকৃত ১,৭৮,০৯,৭৮২/- (এক কোটি আটাত্তর লক্ষ নয় হাজার সাতশত বিরাশি) টাকা মূল্যমানের প্রাক্কলনসমূহের প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দের বিষয়টি এতদ্বারা বাতিল করা হলো।

০২। উপর্যুক্ত প্রাক্কলনসমূহের বিপরীতে বরাদ্দকৃত সর্বমোট ১,৭৮,০৯,৭৮২/- (এক কোটি আটাত্তর লক্ষ নয় হাজার সাতশত বিরাশি) টাকা প্রত্যাহার করে নিম্নবর্ণিত প্রাক্কলনসমূহের বিপরীতে বরাদ্দ প্রদান করে উল্লিখিত কাজ সম্পন্ন করার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রাক্কলিত কাজের বিবরণ | প্রাক্কলিত অর্থের পরিমাণ | ছাড়কৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং মহাপরিচালক মহোদয়ের ওয়াশরুম ও করিডোরের টাইলস পরিবর্তনকরণ, রং করণসহ অন্যান্য কাজ। | ৯,৮৪,৮০১/- | ৯,০০,০০০/- |
| ২. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ৬ষ্ঠ ও ৭ম তলার ডরমেটরী কক্ষসমূহের দরজার পাল্লা পরিবর্তন এবং গ্রিল পরিবর্তন ও সকল জানালার থাই ফ্রেম ও মসকিউটো নেট স্থাপনকরণ কাজ। | ৬৫,৭৮,৮৬৭/- | ৬৫,০০,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৩. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ৬ষ্ঠ তলার ডরমেটরী এর (আধুনিকায়ন) প্লাস্টার করণ, রং করণ, টাইলস পরিবর্তন, স্যানেটারি ফিটিংস ফিক্সিং পরিবর্তন করণ ও মহাপরিচালক মহোদয়ের বাংলোর (আধুনিকায়ন) প্লাস্টার করণ, রং করণ, টাইলস পরিবর্তন, স্যানেটারি ফিটিংস ফিক্সিং পরিবর্তন করণসহ যাবতীয় আনুষঙ্গিক প্রয়োজনীয় সংস্কার কাজ | ১,০৫,৭৬,৫২৯/- | ১,০৪,০৯,৭৮২/- |
| | মোট: | | ১,৭৮,০৯,৭৮২/- |

শর্ত:

(ক) এ অর্থ অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে/উদ্দেশ্যে ব্যয় করা যাবে না;

(খ) উক্ত অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণ করতে হবে;

(গ) উল্লিখিত কাজ সম্পাদন শেষে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অথরিটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৭৬৫(অঃ)।

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.০৭৯.২২.২১ তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রিঃ

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত প্রকল্প সার্কেল-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ১৫, আব্দুল গণি রোড, ঢাকা।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭/৪/২৫

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব